70

ভোরের কাগজ

তারিখ AUG 01 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে আজ

চ. বি. সংবাদদাতা : মাসব্যাপী বর্ষাকালীন ছুটির পর আজ রোববার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবার খুলছে। তবে আজ থেকে ক্যাম্পাসের ভিতরে কোনো ছাত্র পরিবহন বাস চলবে না। জানা গেছে, ১নং গেট থেকে পাহাড় কেটে একটি সরাসরি রাস্তা চালু সাপেক্ষে এবং বার্ষিক ৭০ লাখ টাকার পরিবহন ব্যয় বাঁচাতে সিন্ডিকেট এবং ফিন্যান্স কমিটির সাম্প্রতিক এক যৌথ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

জানা গেছে, ক্যাম্পাসে ছাত্র পরিবহন বাস সার্ভিস অব্যাহত রাখার দাবিতে ছাত্র সংগঠনগুলো আন্দোলনে যাচ্ছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর গাজী সালেহউদ্দিনের সঙ্গে আলাপকালে তিনি ভোরের কাগজকে জানান, ক্যাম্পাসে এখন আর ছাত্র পরিবহন বাসের প্রয়োজন নেই। তিনি আরো জানান, ছাত্র নেতা এবং সাধারণ ছাত্রছাত্রীদের কাছে প্রকৃত অবস্থা তুলে ধরা এবং তাদের বোঝানোর মাধ্যমে কর্তৃপক্ষ যেকোনো আন্দোলন মোকাবিলা করবে।